# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জানুয়ারি-জুন, ২০২০)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়


ঢাকা

## ১. ভূমিকা:

টেকসই উন্নয়নের ধারা বজায় রাখার লক্ষ্যে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) বর্তমান বিশ্বে ব্যবসায়িক ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অর্ন্তভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য কমানো সিএসআর এর উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথম জুন ০১, ২০০৮ তারিখে (ডিওএস সার্কুলার নং-০১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সিএসআর মূলধারাকে অন্তর্ভুক্ত করে সিএসআর কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে তাদের গৃহীত সিএসআর সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। জুন ১০, ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ষান্মাসিক ভিত্তিতে তাদের সিএসআর এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

## ২. সিএসআর খাত বিভাজন ও ব্যয়ের হার:

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে সিএসআর হিসেবে ব্যয় করতে পারবে। সিএসআর ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া জুলাই ০৯, ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং- ০৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ০৮ (আট)টি খাতে সিএসআর ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। উল্লেখ্য, দেশে করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধ/আক্রান্তদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং করোনাভাইরাস উদ্ভূত সঙ্কট মোকাবেলায় স্বাস্থ্যখাতে সিএসআর বাজেট বরাদ্দ সংক্রান্ত দুটি সার্কুলার লেটার (এসএফডি সার্কুলার লেটার ০১/২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার ০৩) যথাক্রমে বিগত মার্চ ২২, ২০২০ এবং জুন ১৬, ২০২০ তারিখে জারি করা হয়। বর্ণিত সার্কুলার লেটারদ্বয়ে স্বাস্থ্যখাতে সিএসআর ব্যয় ২০% থেকে ৬০% উন্নীত করে ব্যয় করার নির্দেশনা রয়েছে।




চিত্র-১: সিএসআর ব্যয় এর খাতসমূহ

## ৩.১ জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারী সিএসআর ব্যয়:

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে প্রায় ৫২৮.৬৯ কোটি (পাঁচশত আটাশ কোটি উনসত্তর লক্ষ মাত্র) টাকা সিএসআর বাবদ ব্যয় করেছে তন্মধ্যে ব্যাংকসমূহ কর্তৃক ৫১৬.৯৭ কোটি (পাঁচশত ষোল কোটি সাতানব্বই লক্ষ মাত্র) টাকা এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ১১.৭১ কোটি (এগারো কোটি একাত্তর লক্ষ মাত্র) টাকা ব্যয় করা হয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ

কর্তৃক দাখিলকৃত সিএসআর কার্যক্রম সংক্রান্ত জানুয়ারি-জুন, ২০২০ ভিত্তিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা এ প্রতিবেদনে তুলে ধরা হলো:


### ৩.১.১ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিক সিএসআর কার্যক্রম:

দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ সর্বমোট ৫১৬.৯৭ কোটি (পাঁচশত ষোল কোটি সাতানব্বই লক্ষ মাত্র) টাকা। ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জানুয়ারি-জুন, ২০২০ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং চিত্র-২ এর মাধ্যমে তুলে ধরা হলো:

**ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন, ২০২০ ভিত্তিক সিএসআর কার্যক্রমের বিবরণী (কোটি টাকায়)**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো গত উন্নয়ন | আয় উৎসারী কার্যক্রম | অন্যান্য | মোট | শিক্ষা খাতে ব্যয়ের হার (%) | স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪ এর %) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | সোনালী ব্যাংক লি. | ০.০২ | ০.৩২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.১৭ | ০.৫১ | ৪.১১ | ৬২.৬২ | ০.০০ |
| ২ | জনতা ব্যাংক লি. | ০.০০ | ০.০১ | ০.৮১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৫ | ০.৮৮ | ০.০০ | ১.১৪ | ৯২.৭১ |
| ৩ | অগ্রণী ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৫ | ০.০৫ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ | রূপালী ব্যাংক লি. | ০.০২ | ০.০৬ | ০.২০ | ০.০০ | ০.০২ | ০.০০ | ০.০০ | ০.২৪ | ০.৫৩ | ২.৮৫ | ১১.২৩ | ৩৭.৯৬ |
| ৫ | বেসিক ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৬ | ০.০৬ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ | বিকেবি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | রাকাব | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ | বিডিবিএল | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০২ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ১০ | এবি ব্যাংক লি. | ০.০০ | ০.০৩ | ৫.২৪ | ০.০০ | ০.২৫ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ১০.৫২ | ০.০০ | ০.২৭ | ৪৯.৮২ |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ০.৪৫ | ০.১৭ | ০.০০ | ০.৯৩ | ০.০৬ | ০.০০ | ০.০০ | ১৮.৬৩ | ২০.২৩ | ২.২২ | ০.৮৪ | ৪.৫৮ |
| ১২ | ব্যাংক এশিয়া লি. | ০.৫৩ | ৩.৫৯ | ১.৬০ | ০.০০ | ০.০৫ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ১০.৭৭ | ৪.৯২ | ৩৩.৩৫ | ১৪.৮৬ |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০২ | ০.০২ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪ | ব্রাক ব্যাংক লি. | ০.৭৭ | ১.৩২ | ৫.০০ | ০.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ০.০৩ | ১২.১৩ | ৬.৩৭ | ১০.৯১ | ৪১.২৪ |
| ১৫ | কমিউনিটি ব্যাংক লি. | ০.০০ | ০.২৩ | ০.০০ | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.২৩ | ০.০০ | ৯৭.৮৭ | ০.০০ |
| ১৬ | ঢাকা ব্যাংক লি. | ০.২৫ | ৫.৭৫ | ১.৩৫ | ০.০০ | ০.৫৩ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ১২.৮৭ | ১.৯৩ | ৪৪.৬৪ | ১০.৪৯ |
| ১৭ | ডাচ বাংলা ব্যাংক লি. | ১৩.৫৫ | ৭.৫৩ | ০.১৩ | ০.০৭ | ০.০০ | ১.০০ | ০.০০ | ২৬.০৮ | ৪৮.৩৫ | ২৮.০৩ | ১৫.৫৬ | ০.৪১ |
| ১৮ | ইস্টার্ন ব্যাংক লি. | ০.৪৫ | ০.০১ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫.৪৬ | ৮.২১ | ০.০৯ | ৯১.৭০ |
| ১৯ | এক্সিম ব্যাংক লি. | ০.৩৭ | ৩.৫৭ | ১০.২৭ | ০.০০ | ০.২৯ | ০.০০ | ০.০০ | ১১.৩৭ | ২৫.৮৭ | ১.৪৩ | ১৩.৮০ | ৩৯.৭০ |
| ২০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ১২.১০ | ১২.২০ | ১১.১০ | ০.৩০ | ৭.০৬ | ০.৪৫ | ০.০০ | ০.০০ | ৪৩.২১ | ২৮.০০ | ২৮.২৩ | ২৬.৩৮ |
| ২১ | আইসিবি ইসলামী ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ | আইএফআইসি ব্যাংক লি. | ০.০০ | ৬.১১ | ০.০০ | ০.০০ | ১.০০ | ০.০০ | ০.০০ | ০.১১ | ৭.২২ | ০.০০ | ৮৪.৬৩ | ০.০০ |
| ২৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. | ৫.০৫ | ০.৪৬ | ৩১.৭২ | ০.০০ | ১৪.৪৭ | ০.০০ | ০.০০ | ০.০৫ | ৫১.৭৫ | ৯.৭৬ | ০.৯০ | ৬১.২৯ |
| ২৪ | যমুনা ব্যাংক লি. | ০.৭৫ | ২.৩১ | ৮.৭৮ | ০.০০ | ৬.৫৬ | ০.০০ | ০.০৩ | ০.০৪ | ১৮.৪৭ | ৪.০৬ | ১২.৫১ | ৪৭.৫৪ |
| ২৫ | মেঘনা ব্যাংক লি. | ০.০০ | ০.১১ | ০.৯৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১.০৭ | ০.০০ | ৯.৯২ | ৯০.০৮ |

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো গত উন্নয়ন | আয় উৎসারী কার্যক্রম | অন্যান্য | মোট | শিক্ষা খাতে ব্যয়ের হার (%) | স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪ এর %) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ২৬ | মার্কেন্টাইল ব্যাংক লি. | ০.৬০ | ৫.২৯ | ১০.৪৯ | ০.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ০.১০ | ২১.৪৮ | ২.৭৯ | ২৪.৬৩ | ৪৮.৮৪ |
| ২৭ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০.৫০ | ০.২০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৫০ | ১.২০ | ৪১.৬৭ | ১৬.৬৭ | ০.০০ |
| ২৮ | মধুমতি ব্যাংক লি. | ০.১৭ | ০.০০ | ০.৮৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৭৬ | ১.৭৮ | ৯.৫৫ | ০.০০ | ৪৭.৭৫ |
| ২৯ | এমটিবিএল | ০.৩৬ | ০.৭০ | ৭.৫৭ | ০.০৫ | ৫.১০ | ০.০০ | ০.০০ | ০.১৩ | ১৩.৯১ | ২.৬২ | ৫.০৬ | ৫৪.৭৫ |
| ৩০ | ন্যাশনাল ব্যাংক লি. | ৫.০১ | ০.০৩ | ০.০০ | ০.০০ | ০.০৩ | ০.০১ | ০.০০ | ০.০১ | ৫.০৯ | ৯৮.৪৬ | ০.৫৮ | ০.০০ |
| ৩১ | এনসিসি ব্যাংক লি. | ০.১৭ | ৫.৩১ | ১.৯৩ | ০.০০ | ৭.০৪ | ০.০০ | ০.০০ | ০.৩৯ | ১৪.৮৪ | ১.১৭ | ৩৫.৮০ | ১৩.০০ |
| ৩২ | এনআরবি ব্যাংক লি. | ০.০০ | ০.২০ | ২.২০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১.০০ | ৩.৪০ | ০.০০ | ৫.৮৫ | ৬৪.৭২ |
| ৩৩ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ০.০৪ | ১.৬৭ | ০.৬৯ | ০.০০ | ০.২০ | ০.০০ | ০.০০ | ১.০৮ | ৩.৬৯ | ১.০৬ | ৪৫.৩৪ | ১৮.৬৯ |
| ৩৪ | এনআরবি গ্লোবাল ব্যাংক লি. | ০.০৫ | ০.০৭ | ৬.০১ | ০.০০ | ১.৬২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭.৭৫ | ০.৬৫ | ০.৯০ | ৭৭.৫৫ |
| ৩৫ | ওয়ান ব্যাংক লি. | ০.৮৪ | ৫.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ১০.৮৫ | ৭.৭৩ | ৪৬.১৯ | ০.০০ |
| ৩৬ | পদ্মা ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৭ | প্রাইম ব্যাংক লি. | ৩.১৬ | ৭.৩০ | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ | ০.০০ | ১.০৪ | ২১.৫১ | ১৪.৭১ | ৩৩.৯৪ | ০.০০ |
| ৩৮ | পূবালী ব্যাংক লি. | ০.১৩ | ০.০৩ | ৭.৩২ | ০.০০ | ০.০৬ | ০.০০ | ০.০০ | ১০.০৬ | ১৭.৬০ | ০.৭৫ | ০.১৭ | ৪১.৫৯ |
| ৩৯ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৬.১৫ | ৬.১৫ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪০ | শাহজালাল ইসলামী ব্যাংক লি. | ১.৬২ | ০.১০ | ৫.১২ | ০.৫৯ | ০.০৩ | ০.০০ | ০.০০ | ১১.৪০ | ১৮.৮৬ | ৮.৫৮ | ০.৫৪ | ৩০.২৭ |
| ৪১ | সীমান্ত ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪২ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ০.১৫ | ০.০৬ | ০.০০ | ১১.১৫ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১১.৩৫ | ১.২৮ | ০.৪৯ | ৯৮.১৯ |
| ৪৩ | সাউথইস্ট ব্যাংক লি. | ১.৭১ | ০.৮৮ | ০.৬৩ | ০.০০ | ৬.৫৩ | ০.০১ | ০.০১ | ০.১৩ | ৯.৯০ | ১৭.৩১ | ৮.৯৩ | ৬.৪০ |
| ৪৪ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ০.২৫ | ০.০০ | ৯.০৭ | ০.০০ | ১০.০০ | ০.০০ | ০.০০ | ০.০২ | ১৯.৩৪ | ১.২৯ | ০.০০ | ৪৬.৯০ |
| ৪৫ | দি সিটি ব্যাংক লি. | ০.০৬ | ৫.৩৪ | ১.৫০ | ০.৪০ | ০.০৩ | ৫.০০ | ০.০০ | ০.১৯ | ১২.৫২ | ০.৪৮ | ৪২.৬৫ | ১৫.১৮ |
| ৪৬ | প্রিমিয়ার ব্যাংক লি. | ০.০৩ | ০.১০ | ০.০৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ৫.১৯ | ০.৫৮ | ১.৯৩ | ১.১৬ |
| ৪৭ | ট্রাস্ট ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৫ | ২.০৫ | ০.০০ | ০.০০ | ৯৭.৫৬ |
| ৪৮ | ইউসিবিএল | ০.১০ | ৭.৮৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২.১৬ | ১০.১১ | ০.৯৯ | ৭৭.৭০ | ০.০০ |
| ৪৯ | ইউনিয়ন ব্যাংক লি. | ০.০২ | ৭.০৩ | ০.০০ | ০.০০ | ০.৬০ | ০.০০ | ০.০০ | ২.৭৪ | ১০.৩৯ | ০.১৭ | ৬৭.৬৬ | ০.০০ |
| ৫০ | উত্তরা ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.০৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.২২ | ০.২৫ | ০.০০ | ০.০০ | ১০.৪৬ |
| ৫১ | ব্যাংক আল ফালাহ লি. | ০.০০ | ০.০৩ | ০.০৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৯ | ০.০০ | ৩২.৩৯ | ৬৭.৬১ |
| ৫২ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৩ | সিটিব্যাংক এনএ | ০.০০ | ০.০০ | ০.০৮ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৮ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ৫৪ | হাবিব ব্যাংক লি. | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০১ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৫৫ | এইচএসবিসি | ০.১৮ | ১.৮১ | ০.০০ | ০.৩৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২.৩২ | ৭.৬৪ | ৭৮.১১ | ১৪.২৫ |
| ৫৬ | এনবিপি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৭ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০০ | ০.০৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০৫ | ০.০০ | ৯৫.৯২ | ০.০০ |
| ৫৮ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ১০.৯১ | ৩.২১ | ০.৮৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০১ | ১৫.০০ | ৭২.৭৪ | ২১.৩৭ | ৫.৮১ |
| ৫৯ | উরী ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | মোট | ৬০.৩৮ | ৯৬.০৫ | ১৩৮.৬৬ | ১৩.৮১ | ৮১.৫২ | ৬.৪৬ | ০.০৪ | ১২০.০৫ | ৫১৬.৯৭ | - | - | - |
| | শতকরা হার (%) | ১১.৬৮ | ১৮.৫৮ | ২৯ | | ১৫.৭৭ | ১.২৫ | ০.০১ | ২৩.২২ | ১০০.০০ | - | - | - |




**বিশ্লেষণ:**

- ছক-১ ও চিত্র-২ অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জানুয়ারি থেকে জুন, ২০২০ পর্যন্ত মোট ৫১৬.৯৭ কোটি (পাঁচশত ষোল কোটি সাতানব্বই লক্ষ মাত্র) টাকা সিএসআর তহবিল থেকে ব্যয় করেছে।
- আলোচ্য জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর এর আওতায় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ ১৩৮.৬৬ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ২৬.৮২%।
- উক্ত ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর খাতে দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় ছিল অন্যান্য খাতে, যার পরিমাণ ১২০.০৫ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ২৩.২২%।
- এছাড়া, উল্লেখযোগ্য পরিমাণে সিএসআর ব্যয়কৃত খাতসমূহ হচ্ছে স্বাস্থ্য (৯৬.০৫ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ১৮.৫৮%), পরিবেশ (১৩.৮১ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ২.৬৭%), সংস্কৃতি (৮১.৫২ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ১৫.৭৭%), এবং শিক্ষা (৬০.৩৮ কোটি টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ১১.৬৮%)।

- ন্যূনতম পরিমাণ সিএসআর ব্যয়ের খাতসমূহ হচ্ছে অবকাঠামোগত উন্নয়ন এবং আয় উৎসারী কার্যক্রম, যাদের মোট ব্যয় যথাক্রমে ৬.৪৬ কোটি টাকা এবং ০.০৪ কোটি টাকা।
- ব্যাংকসমূহ কর্তৃক দাখিলকৃত সিএসআর প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় যে, দুর্যোগ ব্যবস্থাপনার আওতায় প্রধানত শীতার্তদের কম্বল বিতরণ এবং কোভিড-১৯ এর কারণে কর্মহীন জনগোষ্ঠীর মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ খাতে ব্যয় করা হয়, যার বেশীরভাগ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে দেয়া হয়েছে। তাছাড়া, ব্যাংকসমূহ তাদের বিভিন্ন শাখা অফিস, এনজিও এবং সরকারি সংস্থার মাধ্যমেও শীতার্তদের কম্বল বিতরণ ও কোভিড-১৯ এ দুর্দশাগ্রস্থ জনগোষ্ঠীকে সহায়তা প্রদান করেছে।
- শিক্ষাখাতে ব্যয়ের ধারা পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকসমূহ প্রধানত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে ব্যয় করেছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও ব্যয় করেছে।
- স্বাস্থ্যখাতে ব্যয়ের ক্ষেত্রে হাসপাতাল/ ক্লিনিক নির্মাণ, হাসপাতালের পরিচালনা ব্যয়, চিকিৎসা সরঞ্জাম ক্রয়, ব্যক্তি পর্যায়ে দরিদ্র/অসহায় রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান এবং কোভিড-১৯ এ আক্রান্ত মানুষের চিকিৎসা প্রদানে অর্থ ব্যয় হয়েছে।

## ৩.১.২ ব্যাংকওয়ারি সিএসআর ব্যয়:

ছক-২: ব্যাংকওয়ারি সিএসআর ব্যয় (কোটি টাকায়)

| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬) | ২.০৩ | ০.৩৯ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩) | ০.০২ | ০.০০ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪১) | ৪৯৭.৩৮ | ৯৬.২১ |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯) | ১৭.৫৫ | ৩.৪০ |
| মোট=৫৯ | ৫১৬.৯৭ | ১০০.০০ |

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ব্যাংক এর ধরন অনুযায়ী সিএসআর ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো। জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে ২.০৩ কোটি (দুই কোটি তিন লক্ষ মাত্র) টাকা সিএসআর খাতে ব্যয় করেছে, যা মোট সিএসআর ব্যয়ের ০.৩৯%। তবে বিশেষায়িত ব্যাংকসমূহ সমন্বিতভাবে ০.০২ কোটি (দুই লক্ষ মাত্র) টাকা সিএসআর খাতে ব্যয় করেছে। ৪১টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৩৮টি ব্যাংক জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে মোট ৪৯৭.৩৮ কোটি (চারশত সাতানব্বই কোটি আটত্রিশ লক্ষ মাত্র) টাকা সিএসআর খাতে ব্যয় করেছে, যা মোট সিএসআর ব্যয়ের ৯৬.২১%। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে আইসিবি ইসলামী ব্যাংক লিমিটেড, পদ্মা ব্যাংক লিমিটেড এবং সীমান্ত ব্যাংক লিমিটেড জানুয়ারী-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর খাতে কোন অর্থ ব্যয় করেনি। অপরদিকে, ০৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংক জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে মোট ১৭.৫৫ কোটি (সতের কোটি পঞ্চান্ন লক্ষ মাত্র) টাকা সিএসআর খাতে ব্যয় করেছে, যা মোট সিএসআর ব্যয়ের ৩.৪০%। বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে কমার্শিয়াল ব্যাংক অব সিলন এবং এনবিপি জানুয়ারী-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর খাতে কোন অর্থ ব্যয় করেনি।

## ৩.১.৩ শিক্ষা খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ৫৯টি ব্যাংকের মধ্যে ৪৫টি ব্যাংক মোট সিএসআর ব্যয়ের ০%-৫%, ০৯টি ব্যাংক ৬%-২০% এবং ০২টি ব্যাংক ২১%-৩০% শিক্ষাখাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনা করলে দেখা যায় যে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে শিক্ষাখাতে ০৩টি ব্যাংক ৩০% এর অধিক ব্যয় করেছে। উল্লেখ্য, ২৬টি ব্যাংক এখাতে কোনরূপ ব্যয় করেনি। ছক-২.১ এ শিক্ষাখাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

| ছক-২.১: শিক্ষা খাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (০-৫)% | (৬-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | (২১-২৫)% | (২৬-৩০)% | >৩০% |
| সোনালী ব্যাংক লি., জনতা ব্যাংক লি., অগ্রণী ব্যাংক লি., রূপালী ব্যাংক লি., বেসিক ব্যাংক লি., বিকেবি, রাকাব, বিডিবিএল, প্রবাসী কল্যাণ ব্যাংক, এবি ব্যাংক লি., আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি., বাংলাদেশ কমার্স ব্যাংক লি., কমিউনিটি ব্যাংক লি., ঢাকা ব্যাংক লি., এক্সিম ব্যাংক লি., আইসিবি ইসলামী ব্যাংক লি., আইএফআইসি ব্যাংক লি., যমুনা ব্যাংক লি., মেঘনা ব্যাংক লি., মার্কেন্টাইল ব্যাংক লি., এমটিবিএল, এনসিসি ব্যাংক লি., এনআরবি ব্যাংক লি., এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., এনআরবি গ্লোবাল ব্যাংক লি., পদ্মা ব্যাংক লি., পূবালী ব্যাংক লি., সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., সীমান্ত ব্যাংক লি., সোস্যাল ইসলামী ব্যাংক লি., স্ট্যান্ডার্ড ব্যাংক লি., দি সিটি ব্যাংক লি., প্রিমিয়ার ব্যাংক লি., ট্রাস্ট ব্যাংক লি., ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লি., উত্তরা ব্যাংক লি., ব্যাংক আল ফালাহ লি., কমার্শিয়াল ব্যাংক অব সিলন, সিটিব্যাংক এনএ, হাবিব ব্যাংক লি., এনবিপি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক | ব্রাক ব্যাংক লি., ইস্টার্ন ব্যাংক লি., ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., মধুমতি ব্যাংক লি., ওয়ান ব্যাংক লি., শাহজালাল ইসলামী ব্যাংক লি., এইচএসবিসি | প্রাইম ব্যাংক লি. | সাউথইস্ট ব্যাংক লি. | - | ডাচ বাংলা ব্যাংক লি., ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | মিডল্যান্ড ব্যাংক লি., ন্যাশনাল ব্যাংক লি., স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| ৪৫টি | ০৭টি | ০১টি | ০১টি | ০টি | ০২টি | ০৩টি |

### ৩.১.৪ স্বাস্থ্য খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ৫৯টি ব্যাংকের মধ্যে ৩১টি ব্যাংক মোট সিএসআর ব্যয়ের ০%-৫% এবং ০৯টি ব্যাংক ৬%-২০% স্বাস্থ্য খাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনা করলে দেখা যায় যে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে স্বাস্থ্য খাতে ১৯টি ব্যাংক ২০% এর অধিক ব্যয় করেছে। উল্লেখ্য, ১৯টি ব্যাংক এ খাতে কোনরূপ ব্যয় করেনি। ছক-২.২ এ ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো :

| ছক-২.২: স্বাস্থ্য খাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | |
|---|---|---|---|---|
| (০-৫)% | (৬-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | >২০% |
| জনতা ব্যাংক লি., অগ্রণী ব্যাংক লি., বেসিক ব্যাংক লি., বিকেবি, রাকাব, বিডিবিএল, প্রবাসী কল্যাণ ব্যাংক, এবি ব্যাংক লি., আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., বাংলাদেশ কমার্স ব্যাংক লি. , ইস্টার্ন ব্যাংক লি., আইসিবি ইসলামী ব্যাংক লি., ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., মধুমতি ব্যাংক লি., এমটিবিএল, ন্যাশনাল ব্যাংক লি., এনআরবি গ্লোবাল ব্যাংক লি., পদ্মা ব্যাংক লি., পূবালী ব্যাংক লি., সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., শাহজালাল ইসলামী ব্যাংক লি., সীমান্ত ব্যাংক লি. , সোস্যাল ইসলামী ব্যাংক লি., স্ট্যান্ডার্ড ব্যাংক লি., প্রিমিয়ার ব্যাংক লি., ট্রাস্ট ব্যাংক লি., উত্তরা ব্যাংক লি., কমার্শিয়াল ব্যাংক অব সিলন, সিটিব্যাংক এনএ, এনবিপি, উরী ব্যাংক | মেঘনা ব্যাংক লি., এনআরবি ব্যাংক লি., সাউথইস্ট ব্যাংক লি. | রূপালী ব্যাংক লি., ব্রাক ব্যাংক লি., এক্সিম ব্যাংক লি., যমুনা ব্যাংক লি. | ডাচ বাংলা ব্যাংক লি., মিডল্যান্ড ব্যাংক লি. | সোনালী ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি., কমিউনিটি ব্যাংক লি., ঢাকা ব্যাংক লি., ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি., আইএফআইসি ব্যাংক লি., মার্কেন্টাইল ব্যাংক লি., এনসিসি ব্যাংক লি., এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., ওয়ান ব্যাংক লি., প্রাইম ব্যাংক লি., দি সিটি ব্যাংক লি., ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লি., ব্যাংক আল ফালাহ লি., হাবিব ব্যাংক লি., এইচএসবিসি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| ৩১টি | ০৩টি | ০৪টি | ০২টি | ১৯টি |

### ৩.১.৫ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ এ দুটি খাতকে মূলত জলবায়ু ঝুঁকি তহবিল খাত হিসেবে বিবেচনা করা হয়। জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিতে ৫৯টি ব্যাংকের মধ্যে ২৭টি ব্যাংক তাদের মোট সিএসআর ব্যয়ের ০%-৫% এবং ০৪টি ব্যাংক তাদের মোট সিএসআর ব্যয়ের ০৬%-১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনা করলে দেখা যায় যে, সিএসআর নীতিমালা অনুযায়ী জলবায়ু ঝুঁকি তহবিল খাতে সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ১০% এর অধিক হারে সর্বাধিক ২৮টি ব্যাংক ব্যয় করেছে। উল্লেখ্য, ২৪টি ব্যাংক এ খাতে কোনরূপ ব্যয় করেনি।

ছক-২.৩ এ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

**ছক-২.৩: জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস**


| (০-৫)% | (৬-১০)% | >১০% |
|---|---|---|
| সোনালী ব্যাংক লি., অগ্রণী ব্যাংক লি., বেসিক ব্যাংক লি., বিকেবি, রাকাব, বিডিবিএল, আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., বাংলাদেশ কমার্স ব্যাংক লি., কমিউনিটি ব্যাংক লি., ডাচ বাংলা ব্যাংক লি., আইসিবি ইসলামী ব্যাংক লি., আইএফআইসি ব্যাংক লি., মিডল্যান্ড ব্যাংক লি., ন্যাশনাল ব্যাংক লি., ওয়ান ব্যাংক লি., পদ্মা ব্যাংক লি., প্রাইম ব্যাংক লি., সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., সীমান্ত ব্যাংক লি., প্রিমিয়ার ব্যাংক লি., ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লি., কমার্শিয়াল ব্যাংক অব সিলন, হাবিব ব্যাংক লি., এনবিপি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক | ঢাকা ব্যাংক লি., সাউথইস্ট ব্যাংক লি., উত্তরা ব্যাংক লি., স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | জনতা ব্যাংক লি., রূপালী ব্যাংক লি., প্রবাসী কল্যাণ ব্যাংক, এবি ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি., ব্রাক ব্যাংক লি., ইস্টার্ন ব্যাংক লি., এক্সিম ব্যাংক লি., ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি., ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., যমুনা ব্যাংক লি., মেঘনা ব্যাংক লি., মার্কেন্টাইল ব্যাংক লি., মধুমতি ব্যাংক লি., এমটিবিএল, এনসিসি ব্যাংক লি., এনআরবি ব্যাংক লি., এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., এনআরবি গ্লোবাল ব্যাংক লি., পূবালী ব্যাংক লি., শাহজালাল ইসলামী ব্যাংক লি., সোস্যাল ইসলামী ব্যাংক লি., স্ট্যান্ডার্ড ব্যাংক লি., দি সিটি ব্যাংক লি., ট্রাস্ট ব্যাংক লি., ব্যাংক আল ফালাহ লি., সিটিব্যাংক এনএ, এইচএসবিসি |
| **মোট ২৭টি** | **মোট ০৪টি** | **মোট ২৮টি** |

### ৩.১.৬ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক চিত্র:

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ব্যাংকসমূহ সিএসআর বাবদ মোট ব্যয় করেছে ৫১৬.৯৭ কোটি (পাঁচশত ষোল কোটি সাতানব্বই লক্ষ মাত্র) টাকা। অপরপক্ষে, বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকে ব্যাংকসমূহ সিএসআর বাবদ মোট ব্যয় করেছে ৪০৮.৫৮ কোটি (চারশত আট কোটি আটান্ন লক্ষ মাত্র) টাকা। তুলনামূলকভাবে জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকের চেয়ে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর বাবদ অধিক ব্যয় করা হয়েছে।

ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৯ এবং জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিক সিএসআর এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় চিত্র-৩ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো :

## চিত্র-৩: ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের সিএসআর এর খাতওয়ারি তুলনামূলক ব্যয়




| | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি-জুন/২০২০ | ৬০.৩৮ | ৯৬.০৫ | ১৩৮.৬৬ | ১৩.৮১ | ৮১.৫২ | ৬.৪৬ | ০.০৪ | ১২০.০৫ | ৫১৬.৯৭ |
| জুলাই-ডিসেম্বর/২০১৯ | ১২০.৫৬ | ৪৯.৬৫ | ১২৩.৭৬ | ২৯.৭৩ | ২২.৭ | ০.১৪ | ০.০৫ | ৬১.৯৫ | ৪০৮.৫৪ |

### বিশ্লেষণঃ

চিত্র-৩ বিশ্লেষণ করলে দেখা যায় যে, বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকের তুলনায় জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে স্বাস্থ্য, সংস্কৃতি, অবকাঠামোগত উন্নয়ন এবং অন্যান্য খাতে সিএসআর ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে, দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সিএসআর ব্যয়ের পরিমাণ জুলাই-ডিসেম্বর, ২০১৯ এর চেয়ে জানুয়ারি-জুন, ২০২০ এ সামান্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। আবার, শিক্ষা ও পরিবেশ খাতে সিএসআর ব্যয়ের পরিমাণ জুলাই-ডিসেম্বর, ২০১৯ এর তুলনায় জানুয়ারি-জুন, ২০২০ এ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। অপরপক্ষে, আয় উৎসারী খাতে ব্যয় প্রায় অপরিবর্তিত রয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে।

তফসিলি ব্যাংকসমূহের বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, দেশে কোভিড-১৯ পরিস্থিতি বিরাজ করায় কোভিড আক্রান্ত মানুষের চিকিৎসা প্রদান, হাসপাতালে কোভিড আক্রান্তদের চিকিৎসার্থে চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় প্রভৃতি খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় এ ষান্মাসিকে স্বাস্থ্য খাতে সিএসআর ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। ব্যক্তি পর্যায়ে চিকিৎসা সহায়তা প্রদান, হাসপাতাল/ক্লিনিক এর অবকাঠামো উন্নয়ন, চিকিৎসা সামগ্রী ক্রয় এবং হাসপাতাল/ক্লিনিক/ডায়গনস্টিক সেন্টারের পরিচালন ব্যয়ও সিএসআর খাতে ব্যয় বৃদ্ধিতে ভূমিকা রেখেছে। অন্যদিকে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে অনির্দিষ্টকালের জন্য সারাদেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় প্রভৃতি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা খাতে পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় এ ষান্মাসিকে সিএসআর ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। এ ষান্মাসিকে অন্যান্য খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী ষান্মাসিকের প্রায় দ্বিগুণ হয়েছে। উল্লেখ্য, নিজস্ব উদ্যোগে বা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের মাধ্যমে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে অনুদান প্রদান এবং অন্যান্য খাতের আওতায় ‘মুজিববর্ষ’ উদযাপনার্থে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট এ অনুদান প্রদান এবং কোভিড আক্রান্ত মানুষের আপদকালীন সেবায় বেশী ব্যয় হওয়ার কারণে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়া, সংস্কৃতি খাতের আওতায়ও ‘মুজিববর্ষ’ উদযাপনার্থে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট এ অনুদান প্রদান করার কারণে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর ব্যয় বৃদ্ধি পেয়েছে।

### ৩.১.৭ সিএসআর ব্যয় বহির্ভূত/ ন্যূনতম পরিমাণ সিএসআর ব্যয়কৃত তফসিলি ব্যাংকসমূহ:

দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মধ্যে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ০৬(ছয়) টি ব্যাংক (বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আইসিবি ইসলামী ব্যাংক লি., পদ্মা ব্যাংক লি., সীমান্ত ব্যাংক লি. এবং কমার্শিয়াল ব্যাংক অব সিলন) কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সিএসআর খাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে, এ ষান্মাসিকে সোনালী ব্যাংক লি., জনতা ব্যাংক লি., অগ্রণী ব্যাংক লি., রূপালী ব্যাংক লি., বেসিক ব্যাংক লি., বিডিবিএল, প্রবাসী কল্যাণ ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক লি., কমিউনিটি ব্যাংক লি., উত্তরা ব্যাংক লি., ব্যাংক আল ফালাহ লি., সিটিব্যাংক এনএ, হাবিব ব্যাংক লি., এনবিপি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরী ব্যাংক এর সিএসআর ব্যয়ের পরিমাণ ছিল যৎসামান্য।

## ৩.২ জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রম


বাংলাদেশে কার্যরত ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৫টি আর্থিক প্রতিষ্ঠান জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর খাতে ব্যয় করেছে। জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ ১১.৭১ কোটি (এগারো কোটি একাত্তর লক্ষ মাত্র) টাকা।

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জানুয়ারি-জুন, ২০২০ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৩ এবং চিত্র-৪ এর মাধ্যমে তুলে ধরা হলো:

**ছক-৩ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন, ২০২০ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)**

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী কার্যক্রম | অন্যান্য | মোট | শিক্ষা খাতে ব্যয়ের হার (%) | স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি. | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৩ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০০০ | ০.১০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.১০০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ৬ | সিভিসি ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ৭ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি. | ০.০০০ | ০.১০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.১০০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৮ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫২ | ০.০৩৩ | ০.০০১ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৮৬ | ০.০০ | ০.০০ | ৯৮.৬০ |
| ৯ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ১০ | ফার্স্ট ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫৫ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫৫ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী কার্যক্রম | অন্যান্য | মোট | শিক্ষা খাতে ব্যয়ের হার (%) | স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১২ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি. | ০.০০০ | ০.০৬৩ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৬৩ | ০.০০ | ১০০ | ০.০০ |
| ১৩ | আইডিএলসি ফাইন্যান্স লি. | ০.০৬২ | ৩.১৬০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ৩.২২২ | ১.৯২ | ৯৮.০৮ | ০.০০ |
| ১৪ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি. | ০.০০০ | ০.০৭০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৭০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ১৫ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি. | ০.০০০ | ০.০০০ | ০.১১৫ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.১০৬ | ০.২২১ | ০.০০ | ০.০০ | ৫১.৮৮ |
| ১৬ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭ | আইপিডিসি ফাইন্যান্স লি. | ০.০১৪ | ০.০৯৩ | ২.৩৩৮ | ০.০০০ | ০.০৭৬ | ০.১৯২ | ০.০১৯ | ০.০০০ | ২.৭৩২ | ০.৫১ | ৩.৪১ | ৮৫.৫৯ |
| ১৮ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ | লংকাবাংলা ফাইন্যান্স লি. | ০.০১২ | ২.০৭৫ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৯৭ | ২.১৮৪ | ০.৫৩ | ৯৫.০৩ | ০.০০ |
| ২০ | লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ২১ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ২২ | মাইডাস ফাইন্যান্সিং লি. | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ২৩ | ন্যাশনাল ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৭৩ | ০.০৭৩ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৫ | ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.৬৫৫ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.৬৫৫ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ২৬ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ২৮ | রিলায়েন্স ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ২৯ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি. | ০.০১৯ | ০.০৩৩ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫২ | ৩৬.৪০ | ৬৩.৬০ | ০.০০ |
| ৩০ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি. | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ৩১ | ইউনিয়ন ক্যাপিটাল লি. | ০.০০০ | ০.০০০ | ০.০২০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০২০ | ০.০০ | ০.০০ | ১০০.০০ |
| ৩২ | ইউনাইটেড ফাইন্যান্স লি. | ০.০০০ | ০.১০৯ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.১০৯ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৩৩ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | ০.০০০ | ০.০০৯ | ১.৫০০ | ০.০০০ | ০.০০৯ | ০.০০০ | ০.০০০ | ০.০০৪ | ১.৫২১ | ০.০০ | ০.৫৬ | ৯৮.৬৩ |
| মোট: | | ০.১০৭ | ৬.৬১৬ | ৪.৩৮০ | ০.০৩৩ | ০.০৮৫ | ০.১৯২ | ০.০১৯ | ০.২৮০ | ১১.৭১১ | - | - | - |
| শতকরা হার (%) | | ০.৯১ | ৫৬.৪৯ | ৩৭.৪০ | ০.২৮ | ০.৭৩ | ১.৬৪ | ০.১৬ | ২.৩৯ | ১০০.০০ | - | - | - |




**বিশ্লেষণ:**

ছক-৩ ও চিত্র-৪ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহ জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর খাতে ১১.৭১ কোটি (এগারো কোটি একাত্তর লক্ষ মাত্র) টাকা ব্যয় করেছে। এর মধ্যে স্বাস্থ্য খাতে সর্বোচ্চ প্রায় ৬.৬২ কোটি (ছয় কোটি বাষট্টি লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ৫৬.৪৯%) ব্যয় করেছে। দ্বিতীয় অবস্থানে আছে দুর্যোগ ব্যবস্থাপনা খাত, যাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ মোট ব্যয় করেছে ৪.৩৮ কোটি (চার কোটি আটত্রিশ লক্ষ মাত্র) টাকা যা মোট সিএসআর ব্যয়ের ৩৭.৪০%।

তাছাড়া, তৃতীয় অবস্থানে আছে অন্যান্য খাত, যাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ মোট ব্যয় করেছে ০.২৮ কোটি (আটাশ লক্ষ মাত্র) টাকা, যা মোট সিএসআর ব্যয়ের ২.৩৯%। এছাড়া, শিক্ষা খাতে মোট ব্যয় প্রায় ০.১১ কোটি (এগারো লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ০.৯১%), অবকাঠামো উন্নয়ন খাতে মোট ব্যয় ০.১৯ কোটি (উনিশ লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ১.৬৪%), আয় উৎসারী খাতে মোট ব্যয় প্রায় ০.০২ কোটি (দুই লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ০.১৬%), সংস্কৃতি খাতে মোট ব্যয় প্রায় ০.০৯ কোটি (নয় লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ০.৭৩%) এবং পরিবেশ খাতে মোট ব্যয় ০.০৩ কোটি (তিন লক্ষ মাত্র) টাকা (মোট সিএসআর ব্যয়ের ০.২৮%)।

### ৩.২.১ শিক্ষা খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিতে ৩৩(তেত্রিশ)টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৯(উনত্রিশ)টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ ব্যয় করেনি। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে ০৩(তিন)টি শিক্ষাখাতে মোট সিএসআর ব্যয়ের ১%-১০% এর মধ্যে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনা করলে দেখা যায় যে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে শিক্ষাখাতে ০১(এক)টি আর্থিক প্রতিষ্ঠান ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৩.১ এ শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

| ছক-৩.১: শিক্ষা খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০% | (১-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | (২১-২৫)% | (২৬-৩০)% | >৩০% |
| অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লি., বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., সিভিসি ফাইন্যান্স লি., ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ফার্স্ট ফাইন্যান্স লি., জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., মাইডাস ফাইন্যান্সিং লি., ন্যাশনাল ফাইন্যান্স লি., ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., রিলায়েন্স ফাইন্যান্স লি., দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ইউনিয়ন ক্যাপিটাল লি., ইউনাইটেড ফাইন্যান্স লি., উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | আইডিএলসি ফাইন্যান্স লি., আইপিডিসি ফাইন্যান্স লি., লংকাবাংলা ফাইন্যান্স লি. | - | - | - | - | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি. |
| **২৯টি** | **০৩টি** | **০টি** | **০টি** | **০টি** | **০টি** | **০১টি** |

## ৩.২.২ স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ৩৩(তেত্রিশ)টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ০২(দুই)টি প্রতিষ্ঠান মোট সিএসআর ব্যয়ের ১%-১০% এর মধ্যে স্বাস্থ্য খাতে ব্যয় করেছে। ১৪(চৌদ্দ)টি প্রতিষ্ঠান সিএসআর ব্যয় নীতিমালা অনুযায়ী স্বাস্থ্য খাতের জন্য নির্ধারিত মোট সিএসআর ব্যয়ের ৬০% এর অধিক ব্যয় করেছে।

উল্লেখ্য, বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৫ কোটি টাকা) এর ১০০%, ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.১০ কোটি টাকা) এর ১০০%, এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৫ কোটি টাকা) এর ১০০%, আইডিএলসি ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (৩.১৬ কোটি টাকা) এর ৯৮.০৮%, ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৭ কোটি টাকা) এর ১০০%, হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি. তাদের মোট সিএসআর ব্যয় (**০.০৬** কোটি টাকা) এর ১০০%, লংকাবাংলা ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (২.০৮ কোটি টাকা) এর ৯৫.০৩%, লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৫ কোটি টাকা) এর ১০০%, মাইডাস ফাইন্যান্সিং লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৫ কোটি টাকা) এর ১০০%, ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.৬৬ কোটি টাকা) এর ১০০%, রিলায়েন্স ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (৫.০০ কোটি টাকা) এর ১০০%, রিলায়েন্স ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (**০.০৫** কোটি টাকা) এর ১০০%, সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.০৩ কোটি টাকা) এর ৬৩.৬০%, এবং ইউনাইটেড ফাইন্যান্স লি. তাদের মোট সিএসআর ব্যয় (০.১১ কোটি টাকা) এর ১০০% স্বাস্থ্যখাতে ব্যয় করেছে। তবে, ১৮(আঠারো)টি আর্থিক প্রতিষ্ঠান সিএসআর হিসেবে স্বাস্থ্যখাতে কোনরূপ ব্যয় করেনি।

ছক-৩.২ এ স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

| ছক-৩.২: স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | | |
|---|---|---|---|---|---|
| ০% | (১-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | (২০-৬০)% | > ৬০% |
| অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি., বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., সিভিসি ফাইন্যান্স লি., ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ফার্স্ট ফাইন্যান্স লি., জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ন্যাশনাল ফাইন্যান্স লি., ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ইউনিয়ন ক্যাপিটাল লি. | আইপিডিসি ফাইন্যান্স লি., উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. | - | - | - | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., আইডিএলসি ফাইন্যান্স লি., ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., লংকাবাংলা ফাইন্যান্স লি., লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., মাইডাস ফাইন্যান্সিং লি., ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., রিলায়েন্স ফাইন্যান্স লি., সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ইউনাইটেড ফাইন্যান্স লি. |
| ১৭টি | ০২টি | ০টি | ০ টি | ০টি | ১৪টি |

## ৩.২.৩. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:


দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল খাত। জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২২টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ ব্যয় করেনি এবং ১১টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে তাদের মোট সিএসআর ব্যয়ের ১০% এর বেশি ব্যয় করেছে।

ছক-৩.৩ এ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

| ছক-৩.৩: জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | |
|---|---|---|---|
| ০% | (১-৫)% | (৬-১০)% | >১০% |
| অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি., ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ফার্স্ট ফাইন্যান্স লি., হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., আইডিএলসি ফাইন্যান্স লি., ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., লংকাবাংলা ফাইন্যান্স লি., লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., মাইডাস ফাইন্যান্সিং লি., ন্যাশনাল ফাইন্যান্স লি., ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ইউনাইটেড ফাইন্যান্স লি. | - | - | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., সিভিসি ফাইন্যান্স লি., ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., আইপিডিসি ফাইন্যান্স লি., মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ইউনিয়ন ক্যাপিটাল লি., উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., রিলায়েন্স ফাইন্যান্স লি., |
| ২২টি | ০টি | ০টি | ১১টি |

### ৩.২.৪ ষান্মাসিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক চিত্র:

জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ব্যয় করেছে ১১.৭১ কোটি (এগারো কোটি একাত্তর লক্ষ মাত্র) টাকা। অপরপক্ষে, বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ সিএসআর বাবদ মোট ২.৭৫ কোটি (দুই কোটি পঁচাত্তর লক্ষ মাত্র) টাকা ব্যয় করেছিল। তুলনামূলকভাবে জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকের থেকে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর বাবদ চারগুণেরও বেশী ব্যয় করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৯ এবং জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিক ভিত্তিক সিএসআর এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় চিত্র-৫ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হল:




| | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি-জুন/২০২০ | ০.১১ | ৬.৬২ | ৪.৩৮ | ০.০৩ | ০.০৯ | ০.১৯ | ০.০২ | ০.২৮ | ১১.৭১ |
| জুলাই-ডিসেম্বর/২০১৯ | ০.৮৩ | ০.৬৮ | ০.২৮ | ০.০৪ | ০.২৪ | ০.০০ | ০.৩২ | ০.৩৬ | ২.৭৫ |

**বিশ্লেষণ:**

চিত্র-৫ বিশ্লেষণ করলে দেখা যায় যে, জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে মোট ব্যয় এর পাশাপাশি বেশিরভাগ খাতেই সিএসআর ব্যয় বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকের চেয়ে বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা খাতে আলোচ্য ষান্মাসিকে ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। তাছাড়া, অবকাঠামো উন্নয়ন খাতে জানুয়ারি-জুন, ২০২০ ষান্মাসিকে সিএসআর ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় কিছুটা বেশি পরিলক্ষিত হয়েছে। তবে, আলোচ্য ষান্মাসিকে শিক্ষা, পরিবেশ, সংস্কৃতি, আয় উৎসারী ও অন্যান্য খাতে সিএসআর ব্যয় বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৯ ষান্মাসিকের চেয়ে কমেছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক চিত্র বিশ্লেষণে দেখা যায় যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট এবং খাতওয়ারি সিএসআর ব্যয় ব্যাংকসমূহের মোট এবং খাতওয়ারি সিএসআর ব্যয় এর তুলনায় নগণ্য।

---------